

২০২৫

বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ (DSE)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGG-DSE-T-1

(কাব্যতত্ত্ব, সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

[CBCS]

(নুতন পাঠক্রম)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রদর্শন নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: $2 \times 10 = 20$
- ক) অভিনব গুপ্ত কোন শতাব্দীর আলংকারিক? কাব্য নির্মাণ কৌশলের ভাবগুলির নাম লেখো।
- খ) কোন গ্রন্থ প্রকাশের সঙ্গে সঙ্গে ইংরাজী সাহিত্যে রোমান্টিক যুগের প্রবর্তন ঘটে?
- গ) নিওক্লাসিক সাহিত্য বলতে কী বোঝো?
- ঘ) “রিয়ালিজম”-এর দৃষ্টান্ত কি মধ্যযুগের বাংলা সাহিত্যে পাওয়া যায়? সেটা কোথায়-একটি গ্রন্থের নামসহ লেখো।
- ঙ) সাধারণীকরণ বলতে কী বোঝো?
- চ) ঔচিত্যবাদের প্রতিষ্ঠাতা কে? এই বিষয়ক তাঁর লেখা গ্রন্থটির নাম লেখো।
- ছ) রবীন্দ্রনাথের কোন কাব্যে প্রথম “রৌদ্রী রাগিণীর দীক্ষা” স্পষ্ট হয়েছে বলে মনে করেছেন প্রাবন্ধিক?
- জ) রবীন্দ্র জীবনদর্শন যা গীতাঞ্জলি পর্বের কবিতায় প্রকাশিত সে সম্পর্কে সাধারণ মানুষের অভিব্যক্তি কেমন?
- ঝ) রস কয়প্রকার ও কী কী?
- ঞ) “বিদ্যাপতি ও জয়দেব” প্রবন্ধটির মূল উৎস কী? মূল গ্রন্থের প্রকাশকাল লেখো।

[পরপৃষ্ঠায়]

- ট) “সৌন্দর্য অলংকার” - এটি কার উক্তি? ধ্বনিবাদের প্রবক্তা কে?
- ঠ) জয়দেব কোন শতকের কবি? তিনি কোন রাজার সভাকবি ছিলেন?
- ড) “ক্লাসিসিজম” এর বাংলা পরিভাষা কী? দুটি বাংলা ক্লাসিক কাব্যের নাম লেখো।
- ঢ) বঙ্কিমচন্দ্র বাংলার কোন কবিকে গীতিকাব্য প্রণেতা বলেছেন? তাঁর রচিত গ্রন্থটির নাম কী?
- ণ) ‘সে বাড়ের মেঘের বিদ্যুৎ’ — সে কে? তার প্রকৃতি কেমন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: $৫ \times ৪ = ২০$

- ক) “বাক্যং রসাত্মক কাব্যং” বলতে কী বোঝো?
- খ) রিয়ালিজম এর উদ্ভব কোন শতকে কোথায় ঘটেছিল? রিয়ালিজমের ক্রমবিকাশ সম্বন্ধে যা জানো লেখো।
- গ) ক্লাসিসিজম ও রোমান্টিসিজম-এর দুটি করে বৈশিষ্ট্য লেখো।
- ঘ) কোন কোন কবিওয়ালার রচনা গীতিকবিতা হিসাবে অতি সুন্দর বলে মনে করেন প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র? মূল প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।
- ঙ) “যা শ্রেষ্ঠ কাব্য তার প্রকৃতিই হচ্ছে বাচ্যকে ছাড়িয়ে যাওয়া” — সংক্ষেপে আলোচনা করো।
- চ) ‘রঞ্জন বিধাতার সেই হাসি’ — বাক্যটির উৎস কী? বাক্যটির মাধ্যমে কী বোঝানো হয়েছে?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: $১০ \times ২ = ২০$

- ক) রবীন্দ্র কাব্যাদর্শ সম্পর্কে প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুবের দৃষ্টিভঙ্গী মূল প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
- খ) “কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয়— সহৃদয় কাব্য পাঠকের মন” — আলোচনা করো।
- গ) “জগতের মধ্যে যা কিছু শুভ, সুন্দর ও প্রাণস্বুর্ভূত, রবীন্দ্রকাব্যে তার প্রকাশ প্রথম থেকে শেষ পর্যন্ত অক্লান্ত ও অনবচ্ছিন্ন” — বাক্যটি কোথা থেকে নেওয়া হয়েছে? লেখক এই সত্যকে যেমনভাবে প্রতিষ্ঠিত করেছেন তা সংক্ষেপে প্রকাশ করো।
- ঘ) ন্যাচারালিজম বলতে কী বোঝ? এর বৈশিষ্ট্য সম্পর্কে যা জানো লেখো।